

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তির দ্বিতীয় রিলিজ স্লিপের অনলাইন আবেদন আগামীকাল মঙ্গলবার বিকেল ৪টা থেকে শুরু হয়ে ২৬ নভেম্বর রাত ১২টা পর্যন্ত চলবে। যেসব প্রার্থী মেধাতালিকায় স্থান পায়নি কিংবা স্থান পেয়েও ভর্তি হয়নি অথবা ভর্তি হয়ে পরবর্তী সময়ে ভর্তি বাতিল করেছে সব প্রার্থী দ্বিতীয় রিলিজ স্লিপে আবেদন করতে পারবেন। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম গতকাল রবিবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।